আপনার বাচ্চা একজন

সাক্ষী

বাবা/মা এবং তত্ত্বাবধায়কদের
জন্য পুস্তিকা

আপনার বাচ্চা একজন

সাক্ষী

বাবা/মা এবং তত্ত্বাবধায়কদের জন্য পুস্তিকা

স্প্রিংবার্নের (Springburn) অ্যালবার্ট প্রাইমারি স্কুলের (Albert Primary School) এবং পোলকশিল্ডস্ (Pollokshields) -এর গ্লেনডেল প্রাইমারি স্কুলের (Glendale Primary School) বাচ্চাদের বিশেষ ধন্যবাদ।

ছবি এঁকেছেন ইলিনর মেরিডিথ (Eleanor Meredith),
ডানকান অফ্ জর্ডানস্টোন কলেজ অফ্ আর্ট এন্ড ডিজাইন (Duncan of Jordanstone College of Art and Design), ইউনিভার্সিটি অফ ডান্ডী (University of Dundee)

স্কটিশ একজিকিউটিভের (Scottish Executive) পক্ষে এটি প্রস্তুত করেছেন অ্যাসট্রন (Astron) B41394 06/05
জুন 2005-এ স্কটিশ একজিকিউটিভ (Scottish Executive) এটির প্রকাশ করেছেন,
পুনরাবর্তিত কাগজে এই দলিলের 100%ভাগ মুদ্রিত হয়েছে এবং এর 100%ভাগ পুনরাবর্তনযোগ্য

সূচীপত্র

01 ভূমিকা

02 সাধারণ ভয় এবং উদ্বেগ

06 কে আপনাকে সাহায্য করতে পারে এবং আপনার প্রশ্নের উত্তর দিতে পারে?

08 কেস আদালতে আনা

12 আদালতের তারিখ

13 আদালত এবং আদালতের মকদ্দমার কার্যধারা

14 আদালত কক্ষে

16 সাক্ষ্য দেওয়া

17 কোনো ব্যক্তিকে সনাক্ত করা

18 সাক্ষ্য দানের জন্য লভ্য বিশেষ ব্যবস্থা

19 স্ক্রীনের ব্যবহার

20 টেলিভিশন সংযোগের ব্যবহার

21 পৃষ্ঠপোষক ব্যবহার

22 আরও বিশেষ ব্যবস্থা

24 আপনি এবং আপনার বাচ্চার মতামত

25 আদালতে যাওয়া

26 অপেক্ষা করা

27 আদালত পরিদর্শন

28 তথ্য দেওয়া

29 আদালতের কেসের পরিণাম

30 অন্যান্য সাহায্য যা পাওয়া যায়

31 মন্তব্য

32 মনে রাখার বিষয়

33 যোগাযোগের জন্য প্রয়োজনীয় ঠিকানার বিশদ বিবরণ

ভূমিকা

যে কোনো বাচ্চা সাক্ষী, যাকে আদালতে সাক্ষ্য দেবার জন্য ডাকা হতে পারে, তার বাবা/মা এবং তত্ত্বাবধায়কদের উদ্দেশ্যে এই পুস্তিকাটি লেখা হয়েছে।

- বাচ্চা (সাক্ষী) হ'ল সে, মকদ্দমা শুরু হবার সময় যার বয়স 16 বৎসরের কম। এর মানে কি তা জানার জন্য আরও তথ্যের জন্য বলুন।
- ফৌজদারী আদালতের কেসে বা বাচ্চাদের শুনানী আদালতের কেসে একটি বাচ্চা সাক্ষী হ'তে পারে।

তিনজন বিভিন্ন ব্যক্তি আপনার বাচ্চাকে সাক্ষী হবার জন্য ডাকতে পারেঃ

- প্রকিউরেটর ফিসক্যাল (যিনি ফিসক্যাল বা বাদী পক্ষের উকিল বলেও পরিচিত)
- প্রতিবাদী পক্ষের উকিল বা প্রতিবাদী পক্ষের কৌঁসুলী
- বাচ্চাদের শুনানীর সাংবাদিক।

তত্ত্বাবধায়ক বা কেয়ারার মানে বাবা/মা বা অন্য কেউ যার আশ্রয়ে বাচ্চাটি আছে। এর মানে সেই ব্যক্তিও হতে পারে যে বাচ্চাটিকে সাময়িকভাবে দেখাশুনো করছে, যেমন পালক কেয়ারার বা পালক তত্ত্বাবধায়ক।

এই সব কেসে সমস্ত পিতা/মাতা এবং তত্ত্বাবধায়কের উদ্দেশ্যে পুস্তিকাটি লিখিত।

যে কোনো লোকের ক্ষেত্রেই সাক্ষী সেজে আদালতে যাওয়া মানসিক চাপের সৃষ্টি করে। বাচ্চা এবং অল্পবয়স্ক ছেলেমেয়েদের জন্য অতিরিক্ত সহায়তা দরকার হতে পারে।

এটা আপনার জন্যেও দুশ্চিন্তা উদ্বেগভরা একটা সময় হতে পারে।

আমরা আশা করি আদালত সম্পর্কে আপনার যে কোনো প্রশ্নের উত্তর, এবং আপনার ও আপনার বাচ্চার যে কোনো উদ্বেগের জবাব এই বইটির সাহায্যে পাওয়া যাবে।

যদি আপনিও একজন সাক্ষী হন, অন্যান্য অনেক তথ্য আপনি প্রকিউরেটর ফিসক্যাল, উকিল বা সাংবাদিকদের কাছ থেকে পেয়ে যাবেন।

বাচ্চাদের আদালতে যাবার জন্য প্রস্তুত করার সময়, আপনি কখনোই তাকে বলবেন না কি বলতে হবে এবং তাদের সঙ্গে তাদের উত্তরগুলির মহড়া কখনোই দেবেন না।

বাচ্চাদের সাক্ষ্য নিয়ে সমালোচনা হ'তে পারে, যদি বোঝা যায় যে আদালতে কি বলতে হবে তা তাদের কেউ ব'লে দিয়েছে।

বাচ্চাদের শেখানো হয়েছে ব'লে যদি মনে করা হয় তাহ'লে কেস তুলে নেওয়া হতে পারে।

সাধারণ ভয় এবং উদ্বেগ

আপনার বাচ্চার জন্য আপনার উদ্বেগ গুরুত্বপূর্ণ।

যদি আপনার দুশ্চিন্তা হয় যে আইনী প্রক্রিয়ার কোনো অংশ আপনার বাচ্চাকে বিচলিত করবে, অনেক লোক আছে যারা আপনাকে পরামর্শ দিতে পারবে এবং সহায়তা দিতে পারবে।

পৃষ্ঠা 6-এ দেওয়া বিশদ বিবরণ আপনার প্রশ্নের উত্তর দিতে সাহায্য করবে।

আপনার সন্তান হয়ত’ঃ

- অপরাধে ক্ষতিগ্রস্ত একটি বাচ্চা
- বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় জড়িত
- কোনো কেসের সাক্ষী
- বিচারে কোনো দোষী, যে সাক্ষী হিসেবে সাক্ষ্য প্রমাণ দিচ্ছে।

কোনো কোনো বাচ্চা সাক্ষী হবার বিষয়টি খুব সামলে নেয় কিন্তু অন্য বাচ্চাদের কাছে এটা কঠিন ও পীড়াদায়ক ব্যাপার।

কোনো অল্পবয়সী সাক্ষীর পক্ষে উদ্বিগ্ন হওয়া খুব স্বাভাবিক এবং আপনি তাদের উদ্বেগের বিষয়টি নিয়ে আপনার সঙ্গে কথা বলতে তাদের উৎসাহ দেবেন।

কতগুলি সাধারণ বিষয় যা বাচ্চারা বলেছে তাদের সবচেয়ে উদ্বিগ্ন করে।

- **আদালতে কাউকে দেখা যাকে তারা ভয় পায় ঃ** প্রকিউরেটর ফিসক্যাল, কোনো আইনজীবী বা সাংবাদিকের সঙ্গে এ বিষয়টি নিয়ে আলোচনা করুন। আদালতে বিশেষ কোনো ব্যবস্থা করা সম্ভব হতে পারে, যার ফলে আপনার বাচ্চা যাকে ভয় পায় তাকে দেখতে পাবে না। সাক্ষ্য দেবার সময় আপনার বাচ্চাকে সাহায্য করার জন্য আইন আদালতকে বিশেষ ক্ষমতা দিয়েছে। পুস্তিকার পরবর্তী অংশে-এর বিশদ ব্যাখ্যা করা হবে।

- **সত্যি কথা বলতে ভয় পাওয়া ঃ** আপনার বাচ্চাকে আবার আশ্বাস দিয়ে বলুন যে সাক্ষীর কাজ হ’ল আদালতকে সাহায্য করা এবং সত্য বলাটাই সঠিক কাজ।

- **প্রশ্নের সাথে কিভাবে এঁটে ওঠা যায় ঃ** বাচ্চাকে বলুন মন দিয়ে (প্রশ্ন) শুনতে এবং (উত্তর দেবার জন্য) সময় নিতে। তাড়াহুড়ো করার দরকার নেই। যদি তারা কিছু বুঝতে না পারে, সেকথা ব’লে দেওয়া ভালো। যদি কোনো বিষয় মনে না রাখতে পারে সে কথা ব’লে দেওয়া ভালো।

- **যদি তারা বিভ্রান্ত হয়ে যায় তাহলে কি হবে? ঃ** যদি তারা বোকার মত কিছু বলে বা আদালতের লোকেরা মনে করে তারা বোকা সে ক্ষেত্রে অনেক বাচ্চারাই হতবুদ্ধি হয়ে যায়। যদি তারা সব কিছু গুলিয়ে ফেলে এবং তাদের মনে হয় যে তাদের বিশ্রাম চাই সে কথা আদালতকে বলা ভালো।

- **স্কুলে বা বন্ধুদের কাছে কি বলবে ঃ** যদি শিক্ষক/শিক্ষিকা জানে যে আপনার বাচ্চা অসুবিধার সময়ের মধ্যে পড়েছে তাহ'লে উপকার হ'তে পারে। অন্যান্য বাচ্চাদের জানার দরকার নেই। অন্য লোকেদের কাছে কি বলবেন তা আপনি এবং আপনার বাচ্চা মিলে স্থির করবেন।

আচরণে পরিবর্তন

কয়েকটি বাচ্চা সাক্ষী হবার বিষয়ে এত উদ্বিগ্ন হয়ে যায় যে তাদের প্রাত্যহিক আচরণ প্রভাবিত হয়।

প্রকিউরেটর ফিসক্যাল, আইনজীবী, সাংবাদিক, পুলিস অথবা সমাজসেবীকে বলুন যদি আপনার বাচ্চার কোনো বিশেষ সমস্যা দেখা দেয়।

বাচ্চা কি বলছে তা সবসময় আপনি শোনার চেষ্টা করবেন, যদিও বা আপনি বুঝতে না পারেন কেন তারা এইরকম ভাবছে।

আপনার বাচ্চার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হ'ল, তারা যেন বোঝে যে তারা যে উদ্বিগ্ন সেকথা তারা কাউকে বলতে পারবে, তাদের মনোভাব নিয়ে কথা বলতে পারবে এবং যে সহায়তা তাদের চাই তারা তা পাবে।

যদি আপনার বাচ্চার অনেক সমস্যা হয় তাহ'লে আপনি হয়ত' চাইবেন তার থেরাপি করা হোক বা তাকে পরামর্শ (কাউন্সেলিং) দেওয়া হোক। এটা কখনও কখনও ভালো প্রস্তাব হতে পারে। এবিষয়ে আপনি হয়ত' আপনার ডাক্তার বা সমাজসেবীর সঙ্গে কথা বলতে চাইবেন। থেরাপি অথবা কাউন্সেলিং-এর জন্য দেরী করলে হবে না। যদি আদালতের কেসের আগে থেরাপি বা কাউন্সেলিং শুরু করার থাকে তাহ'লে সে কথা প্রকিউরেটর ফিসক্যাল, আইনজীবী বা সংবাদিককে জানাতে ভুলবেন না।

আপনার বাচ্চাকে বলুন ঃ

- **সত্যি বলাটাই সব সময় ঠিক**
- **তারা একটা গুরুত্বপূর্ণ কাজ করছে**
- **আদালত যা করা সিদ্ধান্ত নেয় তার জন্য তারা দায়ী হবে না**

আপনার নিজের ভয় এবং উদ্বেগ

এই সময়ে অনেক বাবা/মায়েরও সহায়তা সমর্থনের দরকার হয়। যা ঘটনা ঘটছে তার জন্য কোনো বাবা/মায়ের পক্ষের রেগে যাওয়া বা কিভাবে বাচ্চাকে সহায়তা দেবেন সে ব্যাপারে উদ্বিগ্ন হওয়া অস্বাভাবিক নয়। নিজের মনের ভাব সম্বন্ধে ভীত, উত্তেজিত অথবা হতবুদ্ধি হবেন না। অনেক লোক আছে যাদের কাছে আপনি সহায়তা ও পরামর্শ চাইতে পারেন।

কখনও কখনও, যখন বাচ্চা আশেপাশে রয়েছে, তখন নিজের মনের ভাব গোপন করা কঠিন হয়। যদি বাচ্চা ভাবে যে আপনি রেগে আছেন বা বিচলিত বোধ করছেন, ও ভাববে যে তার দোষের জন্যই তা হচ্ছে। এতে তার উদ্বেগ আরও বাড়বে। আপনার বাচ্চাকে আশ্বাস দিয়ে বলুন যে তার ওপর আপনি রাগ করেন নি।

আপনি এবং আপনার বাচ্চা দুজনেরই অনেক বেশি আত্মবিশ্বাস থাকবে এবং অনেক কম উদ্বেগ থাকবে যদি আপনারা বুঝতে পারেন আদালত মকদ্দমার আগে ও মকদ্দমা চলাকালীন কি ঘটবে। আপনাকে যদি এই পুস্তিকাটি দেওয়া হয়ে থাকে, আপনার বাচ্চাকে বা বাচ্চাদেরও তাদের বয়স অনুসারে, **সাক্ষী পুস্তিকা (witness booklet)** দেওয়া হয়ে থাকবে।

দুটি পুস্তিকা আছেঃ একটি বাচ্চাদের জন্য এবং আর একটি 15 বৎসর পর্যন্ত অল্পবয়স্কদের জন্য।

এটা জরুরী যে আপনার বাচ্চা তার জন্য লেখা পুস্তিকাটি পড়বে বা কেউ তাকে সেটি প'ড়ে শোনাবে এবং সাক্ষী বলতে কি বোঝায় তা তাকে বুঝতে সাহায্য করবে।

কে আপনাকে সাহায্য করতে পারে এবং আপনার প্রশ্নের উত্তর দিতে পারে?

প্রকিউরেটর ফিসক্যাল ঃ প্রকিউরেটর ফিসক্যাল হ'লেন একজন আইনজীবী যিনি স্থির করেন ফৌজদারী কেস আদালতে তোলা হবে কি না। এরা আপনার কিছু কিছু প্রশ্নের উত্তর দিতে পারবেন।

অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য তথ্য এবং পরামর্শ (VIA) ঃ প্রকিউরেটর ফিসক্যালের সঙ্গে কাজ করে ভি আই এ-র (VIA) একজনের কাছ থেকে আপনাকে একটি চিঠি বা অন্য কোনো প্রচারপত্র পাঠানো হয়ে থাকবে। তাদের প্রচারপত্রে বিভিন্ন আদালত মকদ্দমার বিষয়ে বলা থাকবে।আপনি ভি আই এ'র (VIA) সঙ্গে যোগাযোগ করে কেসটি সম্বন্ধে তথ্য জানতে চাইতে পারেন অথবা বাচ্চাদের উদ্বেগ বা অসুবিধা নিয়ে কথা বলতে পারেন।

বাচ্চাদের সাংবাদিক ঃ বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় বাচ্চার সাংবাদিক বাচ্চার স্বার্থ দেখেন। কোনো কোনো ক্ষেত্রে, একজন সেফগার্ডারও বাচ্চাটির স্বার্থ দেখে। তারা আপনার কিছু কিছু প্রশ্নের উত্তর দিতে পারবে, এবং হয়ত' কোনো সমাজসেবীর মাধ্যমে আপনার জন্য অতিরিক্ত সহায়তার ব্যবস্থা করতে পারবে।

আইনজীবী ঃ ফৌজদারী মকদ্দমায় বা বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় কখনও কখনও একজন আইনজীবী কোনো বাচ্চাকে সাক্ষী হিসেবে ডাকতে পারেন। আইনজীবী আপনাকে জ্ঞাতব্য তথ্য দেবেন এবং আপনাকে হয়ত' আদালতের সাক্ষী পরিষেবার (Witness Service) কাছে আরও পরামর্শ ও সহায়তার জন্য পাঠাবেন।

পুলিস ঃ আপনার বাচ্চা কোনো পুলিস অফিসারের কাছে কিছু বলেছে। আদালতের কেসটি কিরকম চলছে সে বিষয়ে জানতে ওরা আপনাকে হয়ত' সাহায্য করতে পারবে।

সমাজসেবী ঃ আপনার বাচ্চা হয়ত' কোনো সমাজসেবীর কাছে কিছু কথা বলেছে। সমাজসেবীরা বাচ্চাদের (এবং বড়দের) সাহায্য করতে পারে যাদের অতিরিক্ত সাহায্য চাই। আপনার স্থানীয় সমাজসেবা অফিস থেকে আপনি অন্যান্য সহায়তা এজেন্সি বা কাউন্সিলের সম্বন্ধে পরামর্শ পেতে পারেন।

অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির সহায়তা সংক্রান্ত স্কটল্যান্ডের সাক্ষী পরিষেবা ঃ প্রত্যেকটি শেরীফ আদালত এবং উচ্চ আদালতের সাক্ষী পরিষেবা বা উইটনেস সার্ভিস আছে যারা যে কোনো সাক্ষী, বাবা/মা বা তত্ত্বাবধায়ক যে সাহায্য চায়, তাকে পরামর্শ, সহায়তা এবং সমর্থন দান করে। উইটনেস সার্ভিস আদালত পরিদর্শনের ব্যবস্থা করে। 'ভিআইএ' (VIA) ও হয়ত' আপনাকে এই পরিষেবাটি সম্বন্ধে তথ্য দিয়ে থাকবে।

স্কটল্যান্ডের সম্প্রদায়ভিত্তিক অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য সহায়তা পরিষেবা ঃ অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য এবং কোনো কোনো সাক্ষীর জন্য অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য সহায়তাকারী স্বেচ্ছাসেবী আছে যারা আবেগজনিত এবং ব্যবহারিক সহায়তা দিতে পারে। যারা সহায়তা পেতে পারেন তাদের মধ্যে আছেন বাচ্চারা, অল্পবয়সী ছেলেমেয়ে এবং তাদের বাবা/মা।

এই পুস্তিকার পেছনে সেই সব লোকেদের নাম ও টেলিফোন নম্বর লেখার জন্য, যারা আপনাকে সরাসরি সাহায্য করছেন, আপনি এই পৃষ্ঠাটি ব্যবহার করতে চাইতে পারেন।

আদালতে কেস আনা

যদি আপনার বাচ্চা সাক্ষী হয়, এর অর্থ হ'ল যে ঃ

- তারা কোনো অপরাধের ঘটনার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে;
- অপরাধের ঘটনার সঙ্গে সম্পর্কিত কিছু দেখেছে বা শুনেছে অথবা
- বাচ্চাদের শুনানী আদালতের মকদ্দমায় জড়িত আছে, প্রত্যক্ষভাবে বা অপ্রত্যক্ষভাবে।

আপনার বাচ্চা হয়ত' পুলিসের কাছে বা কোনো আইনজীবীর কাছে বয়ান দিয়েছে। পুলিস প্রকিউরেটর ফিসক্যাল এবং বাচ্চাদের সাংবাদিকের কাছে রিপোর্ট পাঠিয়ে দিয়ে থাকবে।

প্রকিউরেটর ফিসক্যাল স্বাধীনভাবে সিদ্ধান্ত নেবেন যে ফৌজদারী কেসটি আদালতে ওঠানো হবে কি না।

বাচ্চাদের সাংবাদিককে স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে হবে যে বাচ্চাদের শুনানীতে কেসটি যাবে কি না। শুনানী তারপর কেসটি আদালতে পাঠাবে।

ফৌজদারী কেস সাধারণতঃ আদালতে যাবে যদি যথেষ্ট সাক্ষ্য প্রমাণ থাকে যে কোনো একটি লোক অপরাধ করেছে। যদি লোকটি নিজেকে 'নির্দোষ' বলে তাহ'লে বিচার হবে এবং সাক্ষীদের সাক্ষ্য দিতে হবে। বিচারক এবং জুরি সব সাক্ষ্যদান শুনবেন এবং রায় দেবেন অভিযুক্ত ব্যক্তি দোষী না নির্দোষ। যদি অভিযুক্ত ব্যক্তি দোষী ব'লে প্রমাণিত হয় তাহ'লে যে কোনো দন্ড সম্পর্কে বিচারক সিদ্ধান্ত নেবেন। ভিআইএ'র (VIA) প্রচারপত্র থেকে আপনি আদালতে মকদ্দমা সম্পর্কে আরও অনেক কিছু পড়তে পারবেন।

বাচ্চাদের শুনানী কেস আদালতে যাবে যদি জড়িত ব্যক্তিরা কি ঘটেছিল সে বিষয়ে একমত না হয় বা বাচ্চাটি যদি এত ছোট হয় যে কিছু বুঝতে পারে না। আদালতে, শেরীফ সব সাক্ষ্য শুনবেন এবং কিছু ঘটেছিল কি না সে বিষয়ে অথবা বাচ্চাটির সংস্রবের কোনো প্রমাণ আছে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন। যদি সাংবাদিকের কেসের সঙ্গে শেরীফ একমত হন, বাচ্চাটির কি সহায়তা প্রয়োজন সে সম্বন্ধে সিদ্ধান্ত নেবার জন্য কেসটিকে বাচ্চাদের শুনানীতে ফেরত আনা হবে। শেরীফ চূড়ান্ত পরিণতির ব্যাপারে সিদ্ধান্ত নেন না; পরবর্তী বাচ্চাদের শুনানীতে তা স্থির করা হয়।

পূর্ববর্তী জ্ঞান (Precognition) ঃ যখন প্রকিউরেটর ফিসক্যাল কোনো ফৌজদারী কেস তৈরী করছেন, আপনার বাচ্চার সঙ্গে দেখা করার ও কথা বলার ব্যবস্থা করার জন্য তিনি আপনাকে একটি চিঠি বা 'উদ্ধৃতি' ('citation') পাঠাবেন। এই মিটিং-এ যে বিবৃতি নেওয়া হয় তাকে প্রিকগনিশন বলা হয়।

বাচ্চাদের শুনানী আদালতের মকদ্দমায় কেস তৈরী করার জন্য সাংবাদিক সাধারণতঃ রিপোর্ট এবং স্টেটমেন্টের ওপর নির্ভর করেন, কিন্তু কখনও কখনও পূর্ববর্তী জ্ঞান আহরণের জন্য অথবা সাধারণ প্রস্তুতির জন্য তিনি আপনার বাচ্চার সঙ্গে দেখা করতে চাইবেন। কখনও কখনও আপনার বাচ্চার স্বার্থের দিকে লক্ষ্য রাখার জন্য একজন সেফগার্ডারকে নিযুক্ত করা হ'তে পারে, যিনি আপনার বাচ্চাকে (সাক্ষী হবার জন্যে) প্রস্তুত হতে সাহায্য করার জন্য বাচ্চার সঙ্গে দেখা করতে আসতে পারেন।

আপনার বাচ্চার সঙ্গে কথা বলার জন্য অন্যান্য আইনজীবীরাও যোগাযোগ রাখতে পারেন। এটা একটা স্বাভাবিক প্রক্রিয়া এবং এতে উপকার হতে পারে। আপনি এবং আপনার বাচ্চা স্থির ক'রে নেবেন কোথায় এই সাক্ষাৎকার করা হবে। আপনি হয়ত' চাইবেন না আইনজীবীরা আপনার বাড়িতে আসুক, বা বাড়িতে আসা আপনার জন্যে বেশী সুবিধাজনক হতে পারে।

একজন বা একাধিক আইনজীবী যোগাযোগ করতে পারেন। যদি সাক্ষাৎকারের কোনো একটির বিষয়ে আপনার বাচ্চা বিচলিত বোধ করে তাহ'লে হয়ত' বাচ্চার সাক্ষাৎকার নেওয়ার অনুমতি দিতে আপনি অস্বীকার করতে চাইবেন।

আপনি সবসময় এই বিষয়টি সেই ব্যক্তির সঙ্গে আলোচনা ক'রে নেবেন যিনি আপনার বাচ্চাকে সাক্ষী হবার জন্য ডেকেছেন।

যে কোনো সাক্ষাৎকারে, পৃষ্ঠপোষক ব্যক্তির আপনার বাচ্চার সঙ্গে থাকা উচিত। আপনি ভেবে দেখবেন আপনার বাচ্চা পৃষ্ঠপোষক হবার জন্য কোন ব্যক্তিকে চায়। উদাহরণস্বরূপ, পৃষ্ঠপোষক ব্যক্তি আপনি হতে পারেন, অন্য কোনো আত্মীয়, পরিবারের বন্ধু, সমাজসেবী বা ভিআইএ'র (VIA) একজন হ'তে পারে। কখনও কখনও, আদালতে সাক্ষ্য দিচ্ছেন এমন একজনের পৃষ্ঠপোষক ব্যক্তি না হওয়াই ভালো।

কখনও কখনও অভিযুক্ত ব্যক্তির কোনো আইনজীবী থাকে না, এবং কেস প্রস্তুতির সময়ে, সে সাক্ষীর সাক্ষাৎকার নেবার জন্য বলতে পারে। যদি এরকম ঘটে, এবং আপনি স্থির করতে পারছেন না কি করবেন, আপনি সেই ব্যক্তির সঙ্গে কথা বলবেন, যিনি আপনাকে বাচ্চাকে সাক্ষী হতে ডেকেছেন।

এটা জানা জরুরী যে আইন অভিযুক্ত ব্যক্তিকে আপনার বাচ্চার সাক্ষাৎকার নিতে অনুমতি দেবে না, যদি ঃ

- আপনার বাচ্চার বয়স 12 বছরের কম হয়;
- অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে হিংসাত্মক ঘটনাজনিত অপরাধ বা অশালীন আচরণের অভিযোগ থাকে; অথবা
- আপনার বাচ্চা যে কোনো বয়সে অশালীন আচরণ দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে।

আদালতের তারিখ

প্রিকগনিশন বা পূর্ববর্তী জ্ঞানের পর, আপনার বাচ্চা আরও উদ্ধৃতি (সাইটেশন) বা চিঠি পাবে, যাতে আদালতের মকদ্দমা শুরু হবার তারিখ দেওয়া থাকবে।

বয়ান (সাইটেশন) হ'ল আদালতের সাক্ষী হিসেবে উপস্থিত থাকার আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি। এটি অবহেলা করা চলবে না।

উদ্ধৃতিতে যেমন বলা আছে সেই অনুযায়ী তাকে উপস্থিত থাকতে হবে, একথা জানা আপনার বাচ্চার পক্ষে জরুরী।

আপনি প্রকিউরেটর ফিসক্যাল, সাংবাদিক, অথবা আইনজীবীকে তৎক্ষণাৎ জানাবেন যদি উদ্ধৃতিতে দেওয়া তারিখটি জরুরী কারণবশতঃ আপনার বা আপনার বাচ্চার জন্য অসুবিধাকর হয়, উদাহরণস্বরূপ, আপনার বাচ্চাকে স্কুলে যদি পরীক্ষায় বসতে হয়।

আদালত এবং আদালতের মকদ্দমার কার্যধারা

সারা স্কটল্যান্ড জুড়ে আদালত আছে এবং তারা বিভিন্ন ধরণের কেস নিয়ে কাজ করে।

সলেম মকদ্দমা ঃ এটি হল ফৌজদারী মকদ্দমা যেখানে জুরি রায় দেন। জনসাধারণ থেকে 15 জন সদস্য নিয়ে জুরি গঠন করা হয়। তারা অশ্যই সব সাক্ষ্য শুনবেন এবং রায় দেবেন।

সামারী মকদ্দমা ঃ ফৌজদারী মকদ্দমা যেখানে জুরি থাকে না। শেরীফ সিদ্ধান্ত নেন।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমা ঃ এই মকদ্দমা অনেক কম আনুষ্ঠানিক। আদালতের থেকে ছোট ঘরে কেস চলে এবং জনসাধারণের কোনো সদস্য এখানে উপস্থিত থাকে না। এখানে জুরি থাকে না এবং শেরীফ সবসময় সিদ্ধান্ত নেন।

আদালত কক্ষে

বিচারক অথবা শেরীফ ঃ বিচারক অথবা শেরীফ সমস্ত আদালত মকদ্দমার কার্যাবলীর প্রধান। তাদের কাজ হ'ল সব কিছু আইন অনুযায়ী ভালোভাবে চলছে কি না এবং আদালতের নিয়ম এবং আইনী কার্যবিবরণী পালন করা হচ্ছে কি না তা দেখা।

প্রকিউরেটর ফিসক্যাল অথবা অ্যাডভোকেট ডেপিউট ঃ ইনি হলেন বাদী পক্ষের উকিল যিনি ফৌজদারী আদালত মকদ্দমায় আপনার বাচ্চাকে সাক্ষী হতে বলেছেন। ইনি আদালতে প্রশ্ন করবেন যাতে সাক্ষী সাক্ষ্য দিতে পারে।

সাংবাদিক ঃ বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় এই ব্যক্তি বাচ্চাটির স্বার্থ দেখেন এবং হয়ত' আপনার বাচ্চাকে সাক্ষী হ'তে বলে থাকবেন। আদালতে ইনি প্রশ্ন জিজ্ঞাসা করবেন যাতে সাক্ষী সাক্ষ্য দিতে পারে।

অন্যান্য আইনজীবী ঃ আদালতের এক বা একাধিক অন্য আইনজীবী থাকতে পারে। তারা সাক্ষীর সাক্ষ্য সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে। আইনজীবী সেই ব্যক্তি হতে পারেন যিনি আপনার বাচ্চাকে সাক্ষী হ'তে বলেছেন।

অভিযুক্ত ব্যক্তি ঃ ফৌজদারী মকদ্দমায়, আইনভঙ্গের অপরাধে অভিযুক্ত ব্যক্তি সবসময় আদালতকক্ষে থাকবে এবং সবকিছু দেখতে ও শুনতে পারবে।

জনসাধারণ ঃ ফৌজদারী আদালত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে, সেজন্য আদালত কক্ষের পেছন দিকে লোকেরা ব'সে সাক্ষীদের এবং আইনজীবীদের দেখে ও তাদের কথা শোনে। যখন আদালতে অল্পবয়সী ছেলেমেয়েরা সাক্ষ্য দেয়, বিশেষ ক'রে যদি তাদের সাক্ষ্যের বিষয় হয় অশালীন আচরণ, তাহ'লে বিচারক আদালত থেকে জনসাধারণকে চলে যেতে বাধ্য করেন। আপনার বাচ্চা এ বিষয়টি সম্বন্ধে কি ভাবে তা কাউকে বলুন।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় জনসাধারণের প্রবেশের অনুমতি নেই।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায়, পরিবারটি, বা অন্যান্য প্রাসঙ্গিক ব্যক্তিগণ যারা মকদ্দমার সঙ্গে সরাসরি জড়িত, তারা আদালত কক্ষে উপস্থিত থাকতে পারে। যদি সেফগার্ডার নিযুক্ত করা হয়, সেও থাকতে পারবে।

যে মকদ্দমা বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমা নয়, সেখানে বিচারক এবং আইনজীবীরা তাদের পরিধানের ওপরে একটি গাউন পরেন এবং উইগ মাথায় দেন। যখন বাচ্চারা সাক্ষ্য দেয়, বিচারক এবং আইনজীবীদের গাউন এবং উইগ ছেড়ে রাখতে বলা হয় যাতে স্বাভাবিক দেখতে লাগে। আপনি আপনার বাচ্চাকে জিজ্ঞাসা করুন তারা এরকম চায় কি না।

সাক্ষ্য দেওয়া

আদালতে প্রাপ্তবয়স্কদের মধ্যে কেউ আপনার বাচ্চার সঙ্গে আগে মিলিত হয়েছিলেন যেমন, প্রকিউরেটর ফিসক্যাল বা সাংবাদিক। সাক্ষ্য দেবার আগে সব আইনজীবীদের সঙ্গে মিলিত হওয়া আপনার বাচ্চার পক্ষে সম্ভব হতে পারে, যারা আপনার বাচ্চাকে সাক্ষ্য দেবার আগে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। এর ফলে আপনার বাচ্চা ভারমুক্ত বোধ করবে।

আপনি যদি মনে করেন সব আইনজীবীদের সঙ্গে মিলিত হ'লে আপনার বাচ্চা উপকৃত হবে তাহ'লে যিনি সাইটেশন পাঠিয়েছিলেন তাকে এই কথা বলুন।

সাক্ষীদের এক এক করে সাক্ষ্য দেবার জন্য আদালতে ডাকা হয়।

যদি আপনার বাচ্চা না চায় যে তার ঠিকানা উচ্চস্বরে আদালতে পড়া হোক তাহ'লে মনে ক'রে সে কথা প্রকিউরেটর ফিসক্যাল, সাংবাদিক এবং আইনজীবীকে বলবেন।

একজামিনেশন এবং ক্রস এগজামিনেশন

প্রকিউরেটর ফিসক্যাল অথবা সাংবাদিক এবং প্রত্যেক আইনজীবী সকলের প্রশ্ন জিজ্ঞাসা ক'রে আপনার বাচ্চা যা জানে তা বলতে সাহায্য করার সুযোগ থাকবে এবং আপনার বাচ্চা সত্যি বলছে কি না তা পরীক্ষা করে নেবার সুযোগ থাকবে। এটাকে বলা হয় একজামিনেশন এবং ক্রস এগজামিনেশন।

শুধু তাকে সত্যি কথা ব'লে যেতে হবে এটা বুঝতে পারা আপনার বাচ্চার জন্য গুরুত্বপূর্ণ।

কোনো কোনো প্রশ্ন একেবারে ব্যক্তিগত হতে পারে এবং এই প্রশ্নগুলির উত্তর দেওয়া ঠিক যদিও বা এর উত্তরে তাদের হতবুদ্ধিকর শব্দাবলী ব্যবহার করতে হয়, একথা জানা আপনার বাচ্চার জন্য গুরুত্বপূর্ণ।

অনেক রকম বিশেষ ব্যবস্থা আছে যার দ্বারা আপনার বাচ্চার সাক্ষ্যদানে সহায়তা করা যায়। এই পুস্তিকায় সেই বিশেষ ব্যবস্থার বর্ণনা আছে এবং বাচ্চাদের এবং অল্পবয়সীদের জন্য লেখা পুস্তিকাতেও তার বর্ণনা আছে। আপনি আপনার বাচ্চার পুস্তিকাটি পড়বেন এবং সাক্ষী বলতে কি বোঝায় সে বিষয়টি বাচ্চাকে বুঝতে সাহায্য করবেন। এর ফলে সে আরো আত্মবিশ্বাসী হতে পারবে।

আপনি সুনিশ্চিত করবেন যে আপনার বাচ্চা যাতে বুঝতে পারে যে কোনো প্রশ্ন বুঝতে না পারলে সে কথা বলা ঠিক। আপনি এও সুনিশ্চিত করবেন যে বাচ্চা যেন জানে যে আদালত কক্ষে তার উত্তর সঠিকভাবে কেউ না বুঝতে পারলে সেইসব লোকেদের সংশোধন ক'রে দেওয়াটা ঠিক।

কোনো ব্যক্তিকে সনাক্ত করা

আপনার বাচ্চা আদালতে আসার আগেই কোনো ব্যক্তিকে সনাক্ত করেছে। আইডেনটিটি প্যারেড বা সমজাতীয় অন্য কিছুতে সে হয়ত' উপস্থিত ছিল। যদি তাই হয়, আদালতে তাকে আর এর পুনরাবৃত্তি করতে হবে না।

কিন্তু কোনো কোনো মকদ্দমায়, আদালতে যে ব্যক্তির সম্বন্ধে সে বলছে তাকে আপনার বাচ্চার সনাক্ত করতে হতে পারে।

বিভিন্নভাবে এটা করা যেতে পারে।

- আপনার বাচ্চাকে বলা হবে আদালত কক্ষের ভেতরে চারিদিক ভালো ক'রে দেখে নিতে এবং যদি লোকটিকে সে দেখতে পায় তার দিকে অঙ্গুলি নির্দেশ করতে।
- অন্য কাউকে সাক্ষী হতে বলা হ'তে পারে যাতে সে আদালতকে বলতে পারে কার সম্বন্ধে আপনার বাচ্চা বলছে। এটা হতে পারে যদি বাচ্চাটি লোকটিকে চেনে এবং নাম উল্লেখ ক'রে তাকে চেনাতে পারে।

সাক্ষ্য দানের জন্য লভ্য বিশেষ ব্যবস্থা

সহায়তা ব্যবস্থার সংখ্যাবৃদ্ধির মাধ্যমে আইন, ফৌজদারী এবং বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় বাচ্চাটিকে আরও পূর্ণভাবে অংশগ্রহণ করতে সাহায্য ক'রে আপনার বাচ্চাকে সাক্ষী হ'তে সাহায্য করতে পারে। **এইগুলি 'বিশেষ ব্যবস্থা' নামে পরিচিত**।

কতগুলি বিশেষ ব্যবস্থা নির্ধারিতমানের এবং সমস্ত বাচ্চা সাক্ষীরা এখন এগুলি ব্যবহার করার যোগ্য।

এগুলি হ'ল ঃ

- আদালতকক্ষের সঙ্গে বাইরে থেকে টেলিফোন সংযোগের ব্যবহার
- আদালতের কক্ষে স্ক্রীনের ব্যবহার
- টেলিভিশন সংযোগ বা স্ক্রীনের সাথে পৃষ্ঠপোষক।

আপনার বাচ্চাকে জিজ্ঞাসা করা হবে আদালতে সাক্ষ্যদানের সময় সে স্ক্রীনের ব্যবহার করতে চায় না টিভি সংযোগ চায়। এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনার বাচ্চা বুঝবে যে এই বিশেষ ব্যবস্থাগুলি কি এবং বলতে পারবে যে কোনটা সে ব্যবহার করতে চায়।

প্রকিউরেটর ফিসক্যাল, সাংবাদিক এবং আইনজীবী আপনাকে এবং আপনার বাচ্চাকে অবশ্যই বিশেষ ব্যবস্থা সম্বন্ধে বলবেন।

আপনার মতামতের গুরুত্ব দেওয়া হবে।

আপনাকে বলে দেওয়া হবে কি বিশেষ ব্যবস্থা (ব্যবস্থাগুলি) নেওয়া ঠিক হয়েছে যাতে আপনি বাচ্চাকে প্রস্তুত হতে সাহায্য করতে পারেন।

স্ক্রীনের ব্যবহার

আদালত কক্ষে স্ক্রীন ব্যবহার করলে আপনার বাচ্চার উপকার হবে, যদি ঃ

- আপনার বাচ্চার আদালতের কক্ষে যেতে এবং বিচারক, আইনজীবী ও জুরিদের সামনে কথা বলতে কোনো উদ্বেগ না হয়,
- কিন্তু যদি তার, অভিযুক্ত ব্যক্তিকে বা অন্য ব্যক্তিকে যার সম্বন্ধে সে সাক্ষ্য দিচ্ছে, দেখলে উদ্বেগ হয়।

'রুম ডিভাইডার' হিসাবে বা পর্দা হিসাবে উইটনেস বক্সের পাশে অভিযুক্ত ব্যক্তি বা অন্য ব্যক্তি এবং আপনার বাচ্চার মাঝখানে স্ক্রীন টাঙানো হয়। আপনার বাচ্চা স্ক্রীনের ওধারে কাউতে দেখতে পাবে না।

আপনার বাচ্চার পক্ষে এটা জানা জরুরী যে অভিযুক্ত ব্যক্তি এবং অন্যান্য ব্যক্তিরা স্ক্রীনের ওপাশ থেকে আদালত টেলিভিশন মনিটরের মাধ্যমে তাকে দেখতে পাবে যখন সে সাক্ষ্য দিচ্ছে।

যদি আপনার বাচ্চা একজন পৃষ্ঠপোষক চায়, তাহ'লে পৃষ্ঠপোষক তার সঙ্গে থাকতে পারবে যখন স্ক্রীন ব্যবহার করা হচ্ছে, তখনও।

টেলিভিশন সংযোগের ব্যবহার

যদি আপনার বাচ্চা লোক পরিপূর্ণ আদালত কক্ষে থাকতে উদ্বিগ্ন বোধ করে, তাহলে তার জন্য টেলিভিশন সংযোগ ব্যবহার করা ভালো হবে।

এতে উপকার হবে, যদিঃ

- বাচ্চাটি অচেনা অনেক লোকের সামনে কথা বলতে লজ্জা পায়;
- সে অভিযুক্ত ব্যক্তি বা অন্য ব্যক্তির সঙ্গে এক কক্ষে থাকতে না চায়।

টেলিভিশন সংযোগ রুমটি আদালত কক্ষ থেকে আলাদা। আদালত যে বিল্ডিং-এ অবস্থিত, এটিও সেই বিল্ডিং-এ এবং অন্য বাচ্চাদের জন্য যাদের আদালতে না আসবার বিশেষ কারণ আছে এবং যাদের বয়স 12 বছরের কম, এই টেলিভিশন সংযোগ আলাদা বিল্ডিং-এ স্থাপন করা যায়।

টেলিভিশন আদালতকক্ষের সাথে যুক্ত থাকে যেখানে বিচারক এবং আইনজীবীদেরও টেলিভিশন মনিটর ও ক্যামেরা থাকে। বিচারক সব ক্যামেরাগুলি নিয়ন্ত্রণ করেন।

যখন এগুলির সুইচ অন করা হবে, আপনার বাচ্চা বিচারক ও আইনজীবীদের এক এক ক'রে দেখতে পাবে ও তাদের কথা শুনতে পাবে এবং তাঁরা আপনার বাচ্চাকে দেখতে ও তার কথা শুনতে পারবেন।

আপনি সুনিশ্চিত করবেন যে আপনার বাচ্চা যেন একথা জানে যে যদিও টেলিভিশন সংযোগের জন্য সে অভিযুক্ত ব্যক্তি এবং অন্য ব্যক্তিটিকে দেখতে পাচ্ছে না, তার সাক্ষ্যদানের সময় অভিযুক্ত ব্যক্তি এবং অন্য ব্যক্তিটি তাকে দেখতে পাবে ও তার কথা শুনতে পাবে।

পৃষ্ঠপোষক ব্যবহার

যদি আপনার বাচ্চা স্ক্রীন বা টেলিভিশন সংযোগ ব্যবহার করা পছন্দ করে থাকে, আদালত জানতে চাইবে যে সাক্ষ্যদানের সময় সে, কোনো পৃষ্ঠপোষক তার সঙ্গে বসুক, এটা চাইবে কিনা।

যখন তাকে প্রশ্ন করা হচ্ছে, সেই সময় পৃষ্ঠপোষক আপনার বাচ্চার পাশে থাকলে, আপনার বাচ্চা ভীত, উদ্বিগ্ন কম বোধ করবে। পৃষ্ঠপোষক আপনার বাচ্চাকে প্রশ্নের উত্তর দিতে সাহায্য করতে পারবে না এবং অবশ্যই তার কথার মাঝখানে বাধা দেবে না বা বলবে না কি বলতে হবে। সাক্ষ্যদানের আগে পৃষ্ঠপোষক আপনার বাচ্চাকে সহায়তা এবং আশ্বাস দেবে এবং বিশ্রামের সময় বাচ্চাকে সঙ্গ দিতে পারে।

পৃষ্ঠপোষক ব্যক্তি কে হবেন সেটা স্থির করা কঠিন হতে পারে সুতরাং আপনার বাচ্চার এ বিষয়ে কি মনোভাব তা আপনাকে মন দিয়ে শুনতে হবে। পৃষ্ঠপোষক তিনি হতে পারেন যার সাথে আপনার বাচ্চার আগে দেখা হয়েছে এবং যার সঙ্গে আপনার বাচ্চা সহজ স্বাভাবিক বোধ করে, যার ফলে বাচ্চাটি সাক্ষ্যদানের সময় কম উদ্বিগ্ন হবে।

অধিকাংশ বাবা/মা অথবা তত্ত্বাবধায়করা ধ'রে নেন যে তাঁরা সবচেয়ে ভালো পৃষ্ঠপোষক হবেন এবং প্রশ্ন জিজ্ঞাসার সময় বাচ্চার পাশে বসবেন। কিন্তু কয়েকটি বিষয় আছে যা আপনি বিবেচনা করতে পারেন ঃ

- যদি আপনাকেও সাক্ষী হিসাবে ডাকা হয়, যতক্ষণ না আপনার সাক্ষ্যদান শেষ হচ্ছে, আপনার বাচ্চার পৃষ্ঠপোষক হতে পারবেন না;
- কোনো কোনো বাচ্চা খুবই আত্মসচেতন হয় এবং তারা আপনাকে মকদ্দমার বিশদতথ্য জানা থেকে বিরত করবে। অন্য কোনো আত্মীয়ের সঙ্গে বা সাপোর্ট এজেন্সির কারুর সঙ্গে আপনার বাচ্চা বেশি স্বচ্ছন্দ হবে;
- কোনো কোনো বাচ্চা আশ্বস্ত হবে যদি সে জানে আপনি অন্য ঘরে তার জন্য অপেক্ষা করছেন;
- আপনি হয়ত' মকদ্দমা সম্পর্কে অনেক বেশি তথ্য জানেন এবং আদালত ভাবতে পারে যে আপনার বাচ্চা যা বলবে তাতে আপনার প্রভাব থাকবে।

আপনার বাচ্চার সাক্ষ্যদান শুনে আপনার কেমন প্রতিক্রিয়া হবে সেকথাও আপনার ভেবে রাখা দরকার। যদি আপনি ভাবেন যে আদালতে আপনি বিচলিত হয়ে পড়বেন, তাহ'লে আপনার বাচ্চাও বিচলিত হবে, সেক্ষেত্রে আপনি স্থির করতে পারেন যে আপনার বাচ্চা যখন সাক্ষ্য দিচ্ছে আপনার ওয়েটিং রুমে থাকাই সবচেয়ে ভালো হবে।

ফৌজদারী মকদ্দমায়, উইটনেস সার্ভিস (সাক্ষী পরিষেবা) থেকে একজন প্রতিনিধির সাক্ষ্যদানের সময় বাচ্চাটির পাশে বসা খুবই সাধারণ দৃশ্য। অন্যান্য পৃষ্ঠপোষক হতে পারেন সহায়তা সংস্থার কোনো একজন, আর একজন আত্মীয়, পরিবারের কোনো বন্ধু, সমাজসেবী বা শিক্ষক/শিক্ষিকা।

এই সব মকদ্দমায়, উইটনেস সার্ভিস অথবা ভিআইএ (VIA) আপনাকে বা আপনার বাচ্চাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় সাংবাদিক এবং সেফগার্ডার আপনাকে ও আপনার বাচ্চাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন।

আপনার বাচ্চা স্ক্রীন বা টেলিভিশন সংযোগ ব্যবহার না করে, তাহ'লে সে আদালতে এক পৃষ্ঠপোষক সঙ্গে রাখতে চাইবে এবং আপনি এই বিষয়ে সেই ব্যক্তিটির সঙ্গে কথা বলবেন যিনি আপনার বাচ্চাকে সাক্ষী হতে ডেকেছেন।

আরও বিশেষ ব্যবস্থা

কতগুলি অতিরিক্ত বিশেষ ব্যবস্থা আছে, যার দ্বারা আপনার বাচ্চা উপকৃত হবে কিন্তু সেগুলি আদালতের বিবেচনার ওপর নির্ভরশীল। আইনজীবীরা, ভি আই এ (VIA), উইটনেস সার্ভিস অথবা সাংবাদিক আপনাকে এ সম্বন্ধে আরও বেশি করে বলতে পারবেন এবং মকদ্দমা প্রসঙ্গে এদের উপযুক্ততার কথা বলতে পারবেন।

যদি আপনার বাচ্চা ও পুলিসের মধ্যে ভিডিও বা অডিও টেপের সাক্ষাৎকার থাকে বা লিখিত বয়ান (স্টেটমেন্ট) থাকে, বিচারককে জিজ্ঞাসা করা যায় এগুলি আদালতে দেখা, শোনা বা পড়া যাবে কি না।

আপনার বাচ্চাকে দেখতে অথবা শুনতে বলা হবে এবং তারপর আরও প্রশ্ন জিজ্ঞাসা করা হতে পারে। এটা করার জন্য সে স্ক্রীন বা টেলিভিশন সংযোগ বেছে নিতে চাইবে।

এই অতিরিক্ত বিশেষ ব্যবস্থা 'পূর্ববর্তী বয়ানের' ব্যবহার নামে পরিচিত।

2005 সালের নভেম্বর মাস থেকে, কয়েকটি কেসে প্রকিউরেটর ফিসক্যাল, সাংবাদিক অথবা আইনজীবী আদালতকে জিজ্ঞাসা করতে পারেন যে আদালত মকদ্দমা শুরু হবার আগে আপনার বাচ্চার সাক্ষ্যদান ওরা শুনবেন। যদি আদালত মকদ্দমা শুরু হতে বহুদিন দেরী হয় তাহ'লে এতে উপকার হয়।

একে বলা হয় কমিশনে সাক্ষ্য নেওয়া।

যদি তাঁরা একথা বিবেচনা করেন, তারা আপনার সঙ্গে কথা বলবেন এবং বুঝিয়ে বলবেন এর মানে কি এবং কি ক'রে এটি সম্পন্ন করা হবে।

আপনি এবং আপনার বাচ্চার মতামত

সব বাচ্চাদের অবশ্যই জিজ্ঞাসা করতে হবে সাক্ষ্যদানের সময় কোন বিশেষ ব্যবস্থা তারা ব্যবহার করতে চায়। আপনার মতামতও জিজ্ঞাসা করা হবে।

কোন বিশেষ ব্যবস্থা ব্যবহার করা হবে সে ব্যাপারে বাচ্চাটি, তার বাবা/মা বা তত্ত্বাবধায়কদের মধ্যে মতভেদ হওয়া খুব স্বাভাবিক।

বাবা/মা, তত্ত্বাবধায়কের পক্ষে এটি খুবই স্বাভাবিক যে তিনি বাচ্চাকে যতটা সম্ভব রক্ষা করতে চাইবেন, কিন্তু কখনও কখনও, আপনার বাচ্চা আপনি যতটা ভাবছেন তার চেয়ে বেশি আত্মবিশ্বাসী বোধ করতে পারে। আপনার বাচ্চা কি চায় সে ব্যাপারে আদালত বিশেষ মনোযোগ দেবে।

কি বিষয় নিয়ে সে উদ্বিগ্ন হচ্ছে সে কথাটি প্রকিউরেটর ফিসক্যাল, সাংবাদিক, ভি আই এ (VIA) বা আইনজীবীকে বলতে আপনার বাচ্চাকে উৎসাহ দিন। তারা তখন বিভিন্ন বিশেষ ব্যবস্থাগুলি সম্বন্ধে আরও উপদেশ দিতে পারবেন এবং আপনার বাচ্চার জন্য কোনটি সবচেয়ে ভালো সে বিষয়ে তাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারবেন।

তার উইটনেস বুকলেট বা সাক্ষী পুস্তিকা প'ড়ে আপনার বাচ্চার আগেই একটি ধারণা তৈরী হয়েছে অথবা তার মনস্থির করার জন্য তার আদালতকক্ষ একবার দেখা প্রয়োজন। সিডি রমে (CD ROM) আদালত কক্ষ এবং বিশেষ ব্যবস্থাগুলি দেখা সম্ভব।

মনে রাখবেন যে বড়রা (প্রাপ্তবয়স্করা) যা ভাবছেন তার দ্বারা বাচ্চারা প্রভাবিত হতে পারে এবং আপনি আপনার বাচ্চার কথা শুনতে চেষ্টা করবেন এবং তাদের সিদ্ধান্তে প্রভাব বিস্তার করবেন না।

অল্পবয়সী ছেলেমেয়েরা বিশেষ ব্যবস্থা ব্যবহার না করতে চাইতে পারে এবং তারা হয়ত' অতিরিক্ত সহায়তা ছাড়াই আদালত কক্ষে যাবে। যদি আপনার বাচ্চা বিশেষ ব্যবস্থা ব্যবহার করতে না চায়, তার মতামত বিবেচনা করতে হবে।

কোন বিশেষ ব্যবস্থা ব্যবহার করবে সে সম্পর্কে বাচ্চারা মত পরিবর্তন করতে পারে এবং এ বিষয়ে যুক্ত ব্যক্তিদের কাছে আপনি এই তথ্যটি জানাবেন।

আদালতে যাওয়া

অধিকাংশ সাক্ষী আদালত বিলডিং-এ আসে জনসাধারণের প্রবেশের প্রধান দরজা দিয়ে। যখন আপনার বাচ্চা এসে পৌঁছাবে, তাকে প্রধান ওয়েটিং রুমে বসতে বলা হবে, হয়ত অন্য সাক্ষীদের সঙ্গে।

যদি আপনি মনে করেন আদালতে অনেক লোক দেখে আপনার বাচ্চা বিচলিত বোধ করবে এবং অন্য সাক্ষীদের পাশে বসতে খুবই ভীত উত্তেজিত হবে, আপনি জিজ্ঞাসা ক'রে নেবেন কোনো নির্জন দরজা বা ওয়েটিং রুম আছে কি না।

আগে থেকে ব্যবস্থা করা যেতে পারে এবং আদালত উইটনেস সার্ভিসের কর্মীরা সাহায্য করার জন্য সর্বতোভাবে চেষ্টা করবেন।এই বিষয়গুলি নিয়ে আপনি ভিআইএ (VIA), উইটনেস সার্ভিস অথবা সাংবাদিককে জিজ্ঞাসা করবেন।

ফৌজদারী মকদ্দমায়, যদি আপনি পৃষ্ঠপোষক না হন বা সাক্ষী না হন আপনি আদালতে আসার কথা চিন্তা করতে পারেন, যাতে জনসাধারণের জন্য নির্দিষ্ট জায়গায় বসে কি বলা হচ্ছে তা শুনতে পারেন। এ বিষয়ে সিদ্ধান্ত নেবার আগে, জেনে নিন আপনার বাচ্চার এবিষয়ে মনোভাব কি। কোনো কোনো মকদ্দমায় আদালত, যখন বাচ্চারা সাক্ষ্য দিচ্ছে তখন জনসাধারণকে জায়গা খালি করতে বলে।

আপনি আদালতের কর্মীদের কাছে জিজ্ঞাসা করে নেবেন জনসাধারণের জায়গায় বসতে পারবেন কি না।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায়, যদি মকদ্দমাটি আপনার বাচ্চার প্রসঙ্গে হয় এবং আপনি প্রাসঙ্গিক ব্যক্তি হন, আপনি ওখানে থাকার যোগ্য। আপনিও যদি সাক্ষ্য দেন, আপনাকে আপনার বাচ্চার সাক্ষ্য দানের আগে সাক্ষ্য দিতে হবে। সাংবাদিকের সঙ্গে এ ব্যাপারটি আপনি বুঝে নিতে পারেন।

অপেক্ষা করা

অফিশিয়াল নীতি হল যে মকদ্দমায় বাচ্চা সাক্ষী জড়িত সেই মকদ্দমাকে অগ্রাধিকার দেওয়া এবং বাচ্চার অপেক্ষার সময় ন্যুনতম করে দেওয়া।

মকদ্দমার কাজ তাড়াতাড়ি সম্পন্ন করা হয় কিন্তু কতগুলি ফৌজদারী মকদ্দমা আদালতে আসতে অনেক সময় নেয়। আপনি তারিখ পাবার পরও মকদ্দমা অনেক বিভিন্ন কারণে পিছিয়ে যায়। এগুলি অনিবার্য হতে পারে।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায়, বিশেষ সময় মাপক প্রয়োগ করা হয় যাতে সুনিশ্চিত করা যায় যে কেসটির শুনানী যত তাড়াতাড়ি সম্ভব শুরু হচ্ছে।

আপনার জানা আছে যে আদালত খুবই কর্মব্যস্ত স্থান এবং মকদ্দমা তৈরী হ'তে শুরু করতে অনেক পরিকল্পনা ও প্রস্তুতির দরকার হয়।

কোনো কোনো সমস্যার হঠাৎই উদ্ভব হয়, যেমন লোকেদের অসুস্থতা। যে কোনো বিলম্বের কারণের জন্য সাক্ষীদের এবং তাদের পরিবারদের হতাশ হওয়া স্বাভাবিক।

কখনও কখনও সেইদিনই সমস্যার সৃষ্টি হয়। আপনাকে হয়ত' আর একদিন আসতে বলা হবে। বাচ্চা সাক্ষীদের জন্য আদালত অপেক্ষা করার সময় ন্যুনতম করার চেষ্টা করবে।

আপনি যদি বিলম্বের কারণে উদ্বিগ্ন হন, আপনি প্রকিউরেট ফিসক্যাল, সাংবাদিক অথবা আইনজীবীর সঙ্গে কথা বলবেন।

এমন কি মকদ্দমা শুরু হবার পরও, দেরী হ'তে পারে এবং কোনো কোনো বাচ্চার সাক্ষ্যদানের পালা আসার আগে তাদের অনেকক্ষণ অপেক্ষা করতে হতে পারে। হ'তে পারে আপনার বাচ্চার সাক্ষ্যদানের আগের সাক্ষী আশাতিরিক্ত সময় নিচ্ছে।

বাচ্চাদের জন্য অপেক্ষা করা বিরক্তকর এবং সময় কাটানোর জন্য আপনাদের দুজনের কোনো বই, কমিকস্ বা ম্যাগাজিন আনা ভালো প্রস্তাব। বাচ্চা সাক্ষী তার প্রিয় খেলার জিনিসও আনতে চাইতে পারে।

কোনো কোনো আদালতে কাফেটেরিয়া আছে এবং অধিকাংশেরই পানীয় এবং জলখাবরের জন্য ভেন্ডিং মেশিন আছে। কিন্তু, আপনি আগে থাকতে এ বিষয়ে জেনে নেবেন কেন না আপনি নিজের সঙ্গে জলখাবার আনতে চাইতে পারেন।

আদালত পরিদর্শন

প্রথমবার কোনো কিছু করা প্রত্যেকের জন্যই কঠিন এবং অধিকাংশ বাচ্চারা আগে কখনও আদালতেই যায় নি। অধিকাংশ লোক যদি আগে থেকে জানে যে কি আশা করবে এবং আদালত আগেই ঘুরে দেখে নেয়, তাহ'লে অনেক স্বস্তি পায়।

কোন বিশেষ ব্যবস্থা বেছে নেওয়া হবে সে সম্বন্ধে সিদ্ধান্ত নেবার জন্য আদালত একবার ঘুরে দেখে নিলে লাভ হবে। যদি আপনার বাচ্চা অন্য কোনো বিল্ডিং-এর টেলিভিশন সংযোগ কক্ষ থেকে সাক্ষ্য দেয়, তাহ'লে তার ওই স্থানটি দেখে নেওয়া উচিত।

ভিআইএ (VIA), উইটনেস সার্ভিস, সাংবাদিক বা আইনজীবীর সঙ্গে এই পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

আপনার বাচ্চা হয়ত' সিডি রমে (CD ROM) আদালত কক্ষ ও বিশেষ ব্যবস্থা দেখে নিতে চাইবে। যে ব্যক্তি আপনার বাচ্চাকে সাক্ষী হিসাবে ডেকেছেন তাকে সিডি রম (CD ROM) দেখার জন্য বলুন।

তথ্য দেওয়া

আপনার বাচ্চাকে আপনার থেকে ভালোভাবে কেউ জানে না। যদি আপনি প্রকিউরেটর ফিসক্যাল, সাংবাদিক, সেফগার্ডর অথবা আইনজীবীর সঙ্গে কথা ব'লে তাদের জানান যে আপনার বাচ্চার সাক্ষ্যদানের জন্য কি করলে সাহায্য করা হবে, তা'হলে উপকার হয়। ভিআইএ(VIA) এবং উইটনেস সার্ভিসও আপনার কথা শুনতে পারলে খুশীই হবে।

মনে রাখবেন সাক্ষী হবার জন্য আপনার বাচ্চার ওপর কু-প্রভাব পড়েছে এমন তথ্য জানানো খুবই গুরুত্বপূর্ণ। নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে কাউকে বলা বিশেষভাবে গুরুত্বপূর্ণঃ

- কি ঘটছে সে সম্বন্ধে আপনার বাচ্চা কতটা বুঝতে পারছে?
- আপনার বাচ্চার বোধশক্তির স্তর কতটা?
- আপনার বাচ্চার মনঃসংযোগের বিস্তৃতি কতটা? মনঃসংযোগ করাতে সে কতটা ভালো?
- আপনার বাচ্চা কতটা আত্মবিশ্বাসী?
- আপনার বাচ্চা কি খুব লাজুক অথবা আত্ম-সচেতন?
- আপনার বাচ্চা কি সাক্ষাৎকার নেবার কথায় বিচলিত হচ্ছে?
- আপনার বাচ্চা কি কথা বলা, শোনা এবং দৃষ্টিশক্তির কোনো অসুবিধে আছে?
- আপনার বাচ্চার শেখার অক্ষমতা বা বিকলাঙ্গতা আছে?
- আপনার বাচ্চা কি কোনো ওষুধ খায়?
- আপনার বাচ্চা কি কোনো থেরাপিস্টের কাছে বা বিশেষ ক্লিনিকে যায়?
- আদালতের কোন বিষয় নিয়ে আপনার বাচ্চা উদ্বিগ্ন?
- কোনো তারিখ বা সময় কি পরিহার করা উচিত, উদাহরণস্বরূপ, ছুটির দিন বা দিনের কোনো সময় যখন বাচ্চাটি ঘুমোবে?
- কোনো 'বিশেষ' শব্দ আপনার বাচ্চা ব্যবহার করে, উদাহরণস্বরূপ, লোকেদের ক্ষেত্রে বা শরীরের অঙ্গপ্রত্যঙ্গের ক্ষেত্রে (যদি সাক্ষ্য দেবার সময় তাকে এই শব্দ ব্যবহার করতে হয়)?

আদালতের কেসের পরিণাম

কতদিন ধরে একটি আদালত মকদ্দমা চলবে তা আগে থেকে বলা কখনই সম্ভব নয়। কোনো কোনো মকদ্দমা মাত্র একদিন চলে; অন্যগুলি কয়েকদিন বা তার বেশিদিন ধ'রে চলে। এটা সাধারণতঃ নির্ভর করে কতজন সাক্ষী আছে তার ওপর এবং প্রত্যেক সাক্ষী সাক্ষ্য দিতে কত সময় নিচ্ছে তার ওপর।

যখন আইনজীবীরা আপনার বাচ্চাকে প্রশ্ন করা শেষ করবেন, বিচারক আপনার বাচ্চাকে জানাবেন যে তার (সাক্ষ্যদান) শেষ হয়েছে এবং সে যেতে পারবে। সে যদি নিশ্চিত না জানে, পৃষ্ঠপোষক জেনে নিতে পারেন। তারপর আপনার বাচ্চা, সাক্ষী আর থাকবে না এবং তাকে আর আসতে হবে না।

সব সাক্ষীদের সাক্ষ্য শোনা হয়ে যাবার পর, বিচারক, শেরিফ (বা জুরি) অবশ্যই রায় দিতে প্রস্তুত হবেন অথবা তাদের সিদ্ধান্ত নেবেন।

ফৌজদারী কেসে তিনটি রায় আছে ঃ

- **দোষী** মানে অভিযুক্ত ব্যক্তি যে অপরাধ করেছে বা আংশিকভাবে অপরাধ করেছে তা প্রমাণ করার জন্য যথেষ্ট সাক্ষ্যপ্রমাণ আছে। তারপর বিচারককে কোন দন্ড বা শাস্তি বিবেচনা করতে বলা হবে।
- **প্রমাণিত হয়নি বা নির্দোষ** মানে অভিযুক্ত ব্যক্তি যে যুক্তিসম্মতভাবে সন্দেহাতীতভাবে দোষী সেকথা প্রমাণ করার যথেষ্ট সাক্ষ্য প্রমাণ নেই, অথবা বিচারক এবং জুরি বিশ্বাস করেন না যা অভিযুক্ত ব্যক্তি অপরাধটি করেছে। এই উভয় রায়েরই মানে হ'ল অভিযুক্ত ব্যক্তিকে আদালত থেকে মুক্তি দেওয়া হল এবং সে চলে যেতে পারে।

বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায় শেরীফ সিদ্ধান্ত নেবেন কি প্রমাণ পাওয়া গেছে এবং কেসটি বাচ্চাদের শুনানীর জন্য ফেরত পাঠানো হবে কি না। বাচ্চাদের শুনানীতে সিদ্ধান্ত নেওয়া হবে এরপরে কি করা হবে।

ফৌজদারী মকদ্দমায়, কেউ আপনাকে চূড়ান্ত পরিণাম জানিয়ে দেবে। বাচ্চাদের শুনানী আদালত মকদ্দমায়, যেখানে বাচ্চার সম্বন্ধে তথ্য ইত্যাদির গোপনতা রক্ষা করা হয়, এই তথ্যটি আরও সীমিত আকারে পাওয়া যাবে।

যদি আপনি কারুর সঙ্গে কথা বলতে চান বা কোনো নির্দিষ্ট সিদ্ধান্ত বা দন্ড সম্পর্কে ব্যাখ্যা চান, তাহলে ভিআইএ (VIA), সাংবাদিক বা আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন।

অন্যান্য সাহায্য যা পাওয়া যায়

অপরাধ সংক্রান্ত ঘটনার ফলে আঘাতপ্রাপ্তির জন্য ক্ষতিপূরণের দাবী ঃ আপনার বাচ্চা যদি অপরাধের ঘটনার ফলে ক্ষতিগ্রস্ত হয় তাহ'লে তার পক্ষে আপনি হয়ত' অপরাধ সংক্রান্ত ঘটনার ফলে আঘাতপ্রাপ্তির জন্য ক্ষতিপূরণের আবেদনের কথা বিবেচনা করতে চাইবেন।

ক্লেম ফর্ম আপনি পাবেন এখানে ঃ

The Criminal Injuries
Compensation Authority (CICA)
Tay House
300 Bath Street
Glasgow
G2 4JR

টেলিফোন ঃ 0141 331 2726

এই আবেদনপত্র সম্পূর্ণ করতে যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়, আপনি আপনার স্থানীয় ভিকটিম সাপোর্ট অফিসে বা কোনো আইনজীবীকে জিজ্ঞাসা করতে পারেন।

অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য বিজ্ঞপ্তি প্রকল্প ঃ যদি আপনার বাচ্চা অপরাধে ক্ষতিগ্রস্ত হয় এবং অভিযুক্ত ব্যক্তিকে চারবছর বা তার বেশি সময়ের জন্য কয়েদে পাঠানো হয়, আপনি এবং আপনার বাচ্চা অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য বিজ্ঞপ্তি প্রকল্পে অংশ নেবার যোগ্য হবেন। এই স্কীমের দ্বারা ক্ষতিগ্রস্ত বাচ্চা ও তার পরিবারকে জানানো হয় কখন অপরাধী জেল থেকে ছাড়া পাবে। যদি আপনি যোগ্য হন, এবিষয়ে ভি আই এ-র(VIA) কাছে থেকে চিঠি ও প্রচারপত্র পাবেন।

ভিকটিম সাপোর্ট স্কটল্যান্ড ঃ সব মকদ্দমার ক্ষেত্রেই, আপনি স্থানীয় সহায়তা পরিষেবার সাথে কথা বললে উপকৃত হবেন। ভিকটিম সাপোর্ট স্টকল্যান্ড হেল্পলাইন আপনার স্থানীয় অফিসের সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দেবে, **টেলিফোন ঃ 0845 603 0213**। আদালতের উইটনেস সার্ভিস বা ভিআইএ'র (VIA) কাছ থেকে আপনি এই স্থানীয় পরিষেবা সম্বন্ধে অনেক কিছু জানতে পারবেন।

স্কটিশ বন্দীদের পরিবারের জন্য হেল্পলাইন ঃ যদি আপনি বা আপনার বাচ্চা কোনো অভিযুক্ত ব্যক্তির সাথে আত্মীয়তার সূত্রে আবদ্ধ থাকেন, যাকে জেলে পাঠানো হ'তে পারে এবং আপনার তথ্যের প্রয়োজন বা সহায়তার জন্য মনোযোগী শ্রোতার প্রয়োজন, আপনি হেল্পলাইনে ফ্রীফোনে ঃ **0500 83 93 83** নম্বরে যোগাযোগ করতে পারেন

মন্তব্য

পরিষেবাগুলি কিভাবে আপনার বাচ্চাকে সাহায্য করেছে এবং এদের কিভাবে আরও উন্নত করা যায় সে বিষয়ে আপনি হয়ত ফীডব্যাক দিতে চাইবেন।

যদি আপনার এমন কোনো মন্তব্য থাকে যার ফলে বাচ্চা সাক্ষীরা এবং তাদের তত্ত্বাবধায়করা ভবিষ্যতে উপকৃত হবে, তাহ'লে দয়া করে ভিআইএ(VIA), বাচ্চাদের সাংবাদিক অথবা আইনজীবীকে জানান। উইটনেস সার্ভিসও আপনাকে মন্তব্যদান করতে আমন্ত্রণ জানাতে পারে।

মনে রাখার বিষয়

যে সব ব্যক্তিরা এই কেসটি আদালতে তোলার জন্য জড়িত, তারা সবাই বুঝবেন যে এই সময়টি আপনার ও আপনার বাচ্চার জন্য কষ্টকর হ'তে পারে। আপনার ভয় ও উদ্বেগের বিষয় নিয়ে তাদের সঙ্গে কথা বলুন। তারা আপনাকে সাহায্য করার জন্য রয়েছেন।

- এই পুস্তিকাটি এবং বাচ্চাদের জন্যে লেখা সাক্ষী পুস্তিকাগুলি, আপনাকে ও আপনার বাচ্চাকে সাক্ষী হওয়া বলতে কি বোঝায় তা বুঝতে সাহায্য করবে।
- সুনিশ্চিত করবেন যে আপনার বাচ্চা যেন তার সাক্ষী পুস্তিকা বুঝতে পারে এবং কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পায়।
- যদি আপনাকে ও আপনার বাচ্চাকে আদালত পরিদর্শন করার কথা বলা না হয়ে থাকে, তাহলে শীঘ্র পরিদর্শন করার জন্য বলুন।
- আদালত মকদ্দমা শুরু হবার আগে সুনিশ্চিত করুন আপনি যেন অবশ্যই সব প্রয়োজনীয় তথ্য পেয়ে যান।
- দেখে নিন যে আপনি জানেন আদালত বা টেলিভিশন সংযোগ কক্ষটি কোথায়, এবং কিভাবে আপনি ওখানে পৌঁছবেন।

সাক্ষী হিসাবে আপনার বাচ্চার সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হ'ল সত্য বলা।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হল আপনার বাচ্চাকে এ বিষয়ে আরও আত্মবিশ্বাসী হ'তে সাহায্য করা।

বাচ্চাদের কাছে সত্য বলার গুরুত্ব কতটা তা বলুন।

আপনি কখনোই আপনার বাচ্চাকে শেখাবেন না কি বলতে হবে বা কোনো উত্তরের মহড়া তার সঙ্গে দেবেন না।

ধন্যবাদ

যোগাযোগের জন্য প্রয়োজনীয় ঠিকানার বিশদ বিবরণ

পুলিস অফিসার ঃ

প্রকিউরেটর ফিসক্যাল ঃ

বাচ্চাদের সাংবাদিক ঃ

সেফগার্ডার ঃ

আইনজীবী ঃ

ভিকটিম ইনফরমেশন এন্ড এডভাইস (VIA) ঃ

উইটনেস সার্ভিস ঃ

ভিকটিম সাপোর্ট স্কটল্যান্ড ঃ

পৃষ্ঠপোষক ঃ

আপনার সংক্ষিপ্ত বিবরণ

অনুরোধ করলে এই ডকুমেন্টের আরও কপি অডিওতে, ছাপার বড় হরফে এবং সম্প্রদায়গুলির ভাষায় পাওয়া যাবে।
দয়া ক'রে 0131 244 2213 নম্বরে যোগাযোগ করুন।

© ক্রাউন কপিরাইট 2005

স্কটিশ একজিকিউটিভ ওয়েবসাইটে এই ডকুমেন্ট পাওয়া যাচ্ছে ঃ
www.scotland.gov.uk

Astron B41394 06/05 (Bengali)

আরও কপি পাওয়া যাবে
Blackwell's Bookshop
53 South Bridge
Edinburgh
EH1 1YS

টেলিফোন অর্ডার এবং অনুসন্ধান
0131 622 8283 অথবা 0131 622 8258

ফ্যাক্স অর্ডার
0131 557 8149

ইমেল অর্ডার
business.edinburgh@blackwell.co.uk

এই ডকুমেন্ট বা দলিলটি মূল দলিলের নির্ভুল বর্ণনা ব'লে মনে করা হয়

w w w . s c o t l a n d . g o v . u k